মুসলিমকে গালি দেওয়া ফাসেকী এবং তার সাথে লড়াই ঝগড়া করা কুফুরী।

আব্দুল্লাহ ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “মুসলিমকে
গালি দেওয়া ফাসেকী এবং তার সাথে লড়াই ঝগড়া করা কুফুরী।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মুসলিম ভাইয়ের অধিকার যে কত মহান এই হাদীসটি তার ওপর দলীল। কারণ, এতে একজন মুসলিম ভাইকে গাল দেওয়াকে ফাসেকী বলা হয়েছে। আর ফাসেকী হলো আল্লাহর আনুগত্য থেকে বের হয়ে যাওয়া। আর যে ব্যক্তি তার মুসলিম ভাইকে হত্যা করে সে অবশ্যই কাফির হয়ে যাবে এবং মুসলিম হওয়া থেকে বের হয়ে যাবে যদি সে হত্যা করাকে বৈধ বলে বিশ্বাস করে। আর যদি কোন দুনিয়াবী উদ্দেশ্য বা ক্ষোভের কারণে হত্যা করে হালাল মনে করে নয়, তখন তা হবে ছোট কুফর। তাতে সে ইসলাম থেকে বের হবে না। তখন তার ওপর কুফর শব্দের ব্যবহারটি ভীতিপ্রদর্শনে সর্বচ্চো গুরুত্ব প্রদান হিসেবে হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5333